

যুগান্তর

প্রিন্ট: ০২ নভেম্বর ২০২৫, ১১:০০ এএম

শিক্ষাঙ্গন

তিতুমীর কলেজ ছাত্রদের উদ্যোগে উন্মুক্ত লাইব্রেরি



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ৩১ অক্টোবর ২০২৫, ০২:৫৫ পিএম



শহীদ জিয়া স্মৃতি উন্মুক্ত পাঠাগার উদ্বোধন করছেন সরকারি তিতুমীর কলেজের অধ্যক্ষ ড. হুদরুদ্দিন আহমেদ।

ছবি: সংগৃহীত

সাধারণ শিক্ষার্থীদের জন্য নতুন একটি লাইব্রেরী উন্মুক্ত করলো তিতুমীর কলেজ ছাত্রদল।

সরকারি তিতুমীর কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো. রিমু হোসেনের উদ্যোগে বৃহস্পতিবার সাধারণ শিক্ষার্থীদের জন্য শহীদ জিয়া স্মৃতি উন্মুক্ত পাঠাগার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি তিতুমীর কলেজের অধ্যক্ষ ড. হদরুদ্দিন আহমেদ।

অধ্যক্ষ ড. হদরুদ্দিন আহমেদ বলেন, ছাত্রদলের এ ধরনের শিক্ষার্থীবান্ধব উদ্যোগ খুবই ইতিবাচক। ক্যাম্পাসে অন্যান্য ছাত্র সংগঠনকেও তিনি সাধারণ শিক্ষার্থীদের জন্য কাজ করতে আহ্বান করেন যাতে শিক্ষাঙ্গনে সবার সঙ্গে সবার সম্পৃক্ততা বাড়ে।

তিতুমীর কলেজ ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক রিমু হোসেন বলেন, তিতুমীর কলেজ ছাত্রদল নিয়মিত শিক্ষার্থীদের কল্যাণে কাজ করে আসছে। আমরা সব শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে ক্যাম্পাসে ভ্রাতৃত্বের ঐক্য তৈরি করতে চাই।

